

বার্ষিক প্রতিবেদন ২০১৮-১৯



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
(বিএডিসি)
৪৯-৫১ দিলকুশা, ঢাকা



বার্ষিক প্রতিবেদন
২০১৮-১৯

সার্বিক তত্ত্বাবধান	: মো: সায়েদুল ইসলাম চেয়ারম্যান, বিএডিসি
সম্পাদনা	: তাহমিনা বেগম যুগ্মপ্রধান (মনিটরিং) মোঃ জান্নাতুল মিয়া কম্পিউটার প্রোগ্রামার
কম্পোজ	: রিমা পারভীন সহকারী ব্যক্তিগত কর্ম কর্তা
প্রকাশক	: মোঃ আঃ ছাত্তার গাজী প্রধান (মনিটরিং), বিএডিসি

মুখবন্ধ

কৃষি আমাদের অর্থ নীতির প্রধান চালিকাশক্তি এবং জীবন-জীবিকার সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণমাধ্যম। ফলে দেশের সামগ্রিক উন্নয়নে কৃষির অবদান অপরিমিত। সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির জনক বঙ্গবন্ধু শেখজিবুর রহমান উপলব্ধি করেছিলেন যে, কৃষির উন্নয়ন ব্যতীত বাংলাদেশের সামগ্রিক উন্নয়ন সম্ভব নয়। এজন্য তিনি স্বাধীনতার পর দেশ পুনর্গঠনে কৃষির উন্নয়নে সর্বাধিক গুরুত্বারোপ করেছিলেন এবং সবুজ বিপ্লবের ডাক দিয়েছিলেন। বর্তমান কৃষিবান্ধব সরকারও দায়িত্ব গ্রহণের পর থেকেই কৃষি উৎপাদন বৃদ্ধি তথা কৃষির সার্বিক উন্নতির জন্য বাস্তবমুখী নানা পদক্ষেপ গ্রহণ করেছে ফলে খাদ্য নিরাপত্তা নিশ্চিতের পাশাপাশি দেশের কৃষি ব্যবস্থা ক্রমাগতই উন্নত হচ্ছে টেকসই, নিরাপদ ও লাভজনক। এক্ষেত্রে বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) তার উপর অর্পিত দায়িত্ব সুচারুরূপে পালনের মাধ্যমে ধারাবাহিক সফলতা লাভ করে চলেছে। বিএডিসি তার প্রতিষ্ঠানগত থেকেই কৃষির ৩টি মুখ্য উপকরণ মানসম্পন্ন বীজ, সুসম সার ও সেচ সুবিধা যথাসময়ে সুলভ মূল্যে কৃষকের দোরগোঁড়ায় পৌঁছে দেওয়ার ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করেছে। দেশের কৃষকদের ক্রমবর্ধমান চাহিদা পূরণে বিএডিসি ৩৪টি বীজ উৎপাদন খামার ও ৮০ চুক্তিবদ্ধ চাষী জোনের মাধ্যমে দেশব্যাপী বিভিন্ন ফসলের বীজ উৎপাদন কার্যক্রম পরিচালনা করেছে। উৎপাদিত অতি উচ্চ মানসম্পন্ন বীজ প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ করে পরবর্তী মৌসুমে কৃষক পর্যায় সুলভ মূল্যে সরবরাহ করা হচ্ছে। প্রতিষ্ঠানগত হতে বিএডিসি নিজস্ব ব্যবস্থাপনায় স্থাপিত/ সরবরাহকৃত সেচযন্ত্রের মাধ্যমে সেচ এলাকা সম্প্রসারণ করে আসছে। সেচের পানির সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে সেচদক্ষতা বৃদ্ধির ক্ষেত্রে বিএডিসি ব্যাপক ভূমিকা রাখছে। এর ফলে পানির অপচয় হ্রাসের পাশাপাশি ফসল উৎপাদন বৃদ্ধি পাচ্ছে। দেশের ভূগর্ভস্থ ও ভূপরিষ্কৃত পানির সুপারিকল্পিত ব্যবহার নিশ্চিতকরণ, ফসলের নিবিড়তা বৃদ্ধি, বহুমুখীকরণ ও ফলন বৃদ্ধি প্রচেষ্টা অব্যাহত রয়েছে। পাশাপাশি বাংলাদেশের ভূ-প্রাকৃতিক বৈশিষ্ট্য, জলবায়ুর প্রতিকূল প্রভাব মোকাবেলা, সেচের পানির চাহিদা ও সহজলভ্যতার বিষয় বিবেচনায় নিয়ে দেশের বিভিন্ন অঞ্চলের শস্য বিন্যাসেও পরিবর্তন আনয়নের লক্ষ্যে বিএডিসি সচেষ্ট রয়েছে। দেশের বিভিন্ন অঞ্চলের জন্য উপযুক্ত জাত নির্বাচনসহ কৃষি উন্নয়নে বিএডিসির প্রচেষ্টা ও কর্মকান্ডকে আরো অর্থ বহু করে তুলতে বিএডিসি গবেষণা কার্যক্রম শুরু করেছে। বিএডিসির গবেষণা কার্যক্রম সফল হলে তা এ দেশের কৃষি উন্নয়নের গতিতে নিঃসন্দেহে আরো ত্বরান্বিত করবে। বিএডিসি আন্তর্জাতিক চুক্তির আওতায় তিউনিশিয়া ও মরক্কো হতে টিএসপি, মরক্কো ও সৌদি আরব হতে ডিএপি এবং বেলারুশ, রাশিয়া ও কানাডা হতে এমওপি সার আমদানি করেছে। উক্ত তিন প্রকার নন-নাইট্রোজেনাস সার দেশব্যাপী সুলভ মূল্যে বিতরণ করা হচ্ছে। বিএডিসি সার আমদানি ও বিতরণের দায়িত্বপ্রাপ্ত হওয়ার পর কখনও সার সংকট দেখা যায় নি। বর্তমান সরকারের ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের গতিতে ত্বরান্বিত করতে ইতোমধ্যে বিএডিসি'র অনলাইনভিত্তিক কার্যক্রমসেবার আওতা ও পরিধি এবং ইন্টারনেটভিত্তিক যোগাযোগ বৃদ্ধি করা হয়েছে। বিএডিসিতে প্রায় শতভাগ ই-জিপি বাস্তবায়ন করা হয়েছে। একইসাথে ই-ফাইলিং চালুর মাধ্যমে বিএডিসি ডিজিটাল নথি ব্যবস্থাপনার যুগে প্রবেশ করেছে। ২০১৮-১৯ অর্থ বছরে বিএডিসি এডিপিত ২৪টি উন্নয়ন প্রকল্প ও রাজস্ব বাজেটভুক্ত ২০টি কর্মসূচি ও কার্যক্রম বাস্তবায়ন করেছে। প্রায় শতভাগ ফসল এ সকল প্রকল্প ও কর্মসূচির আর্থিক ও ভৌত অগ্রগতিসহ উন্নয়নমূলক কর্মকান্ডের উল্লেখযোগ্য তথ্য বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্ত করা হয়েছে।

বার্ষিক প্রতিবেদন উপস্থাপিত তথ্যসমূহ বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের সামগ্রিক কর্মকান্ড সম্পর্কে সম্যক ধারণা লাভের ক্ষেত্রে এবং ভবিষ্যত কর্মপরিকল্পনা প্রণয়নে বিশেষ ভূমিকা রাখবে বলে আমার দৃঢ় বিশ্বাস। যাদের সহযোগিতা, মেধা ও শ্রমের বিনিময়ে বার্ষিক প্রতিবেদনটি প্রকাশিত হলো তাদের প্রতি রইল আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা।

মো: সায়েদুল ইসলাম
চেয়ারম্যান, বিএডিসি

সূচিপত্র

		মুখবন্ধ	
		নির্বাহীসারসংক্ষেপ	১-২
অধ্যায়-১			
	১.	পরিচিতি	৩-৫
	২.	ভিশন	
	৩.	মিশন	
	৪.	প্রধান কার্যাবলী	
	৫.	সাংগঠনিক কাঠামো ও জনবল	
	৬.	বিএডিসি পরিচালনা পর্ষদ	
	৭.	প্রশাসন উইং	
	৮.	অর্থ উইং	
	৯.	নিয়োগ, পদোন্নতি ও প্রশিক্ষণ	
	১০.	গবেষণা কার্যক্রম	
অধ্যায়-২		বীজ ও উদ্যান উইং	
	১.	২০১৮-১৯ বর্ষে বিএডিসি কর্তৃক বীজ উৎপাদন ও বিতরণের পরিমাণ	৬
	২.	ফসল সাব সেক্টর : রাজস্ব বাজেটভুক্ত কর্মসূচি	৭
	৩.	বীজ বর্ধন খামারের মাধ্যমে উন্নতমানের দানাশস্য বীজ উৎপাদন কার্যক্রম	৭-৮
	৪.	চুক্তিবদ্ধ উৎপাদনকারীদের মাধ্যমে উন্নতমানের দানাশস্য বীজ উৎপাদন কার্যক্রম	৮-৯
	৫.	উন্নতমানের দানাশস্য বীজ সংগ্রহ, প্রক্রিয়াজাতকরণ ও বিতরণ কার্যক্রম	৯-১০
	৬.	পাট বীজ কার্যক্রম	১১-১২
	৭.	বীজের আপদকালীন মজুদ ও তার ব্যবস্থাপনা কার্যক্রম	১২-১৩
	৮.	জাতীয় সবজি বীজ উৎপাদন কার্যক্রম	১৩-১৪
	৯.	এগ্রো সার্ভিস সেক্টর কার্যক্রম	১৪-১৫
	১০.	ভিয়েতনামী খাটো সিয়াম গ্রীন ও সিয়াম ব্লু জাতের নারিকেলের মাতৃ বাগান স্থাপন এবং কেরালার হাইব্রিড জাতের নারিকেল বাগান প্রদর্শনী স্থাপন কর্মসূচি	১৫-১৬
	১১.	ডাল ও তৈলবীজ উৎপাদনের মাধ্যমে টেকসই পুষ্টি নিরাপত্তা জোরদারকরণ প্রকল্প	১৭-১৯
	১২.	ধান, গম ও ভূট্টার উন্নত বীজ উৎপাদন ও উন্নয়ন প্রকল্প	১৯-২০
	১৩.	সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প	২১
	১৪.	বিএডিসি'র বিদ্যমান বীজ উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ ও বিতরণ ব্যবস্থাদির আধুনিকীকরণ ও উন্নয়ন প্রকল্প;	২২-২৩
	১৫.	বিএডিসি'র সবজি বীজ বিভাগের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে হাইব্রিড সবজি বীজ উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ ও বিতরণ কার্যক্রম শক্তিশীলকরণ প্রকল্প	২৩-২৫
	১৬.	প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত চাঁদপুর বীজ আলু উৎপাদন জোনের চুক্তিবদ্ধ চাষী পুনর্বাসন এবং বীজ আলু সংগ্রহ ও প্রক্রিয়াজাতকরণের সুযোগ সুবিধা বৃদ্ধিকরণ প্রকল্প।	২৫
	১৭.	চাঁদপুর জেলার মতলব উত্তর উপজেলার মেঘনা নদীতে অবস্থিত বোরোরচরে বীজ উৎপাদন খামার স্থাপনের জন্য কারিগরী সম্ভাব্যতা যাচাই প্রকল্প	২৬
	১৮.	বিএডিসি'র উদ্যান উন্নয়ন বিভাগের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে উদ্যান জাতীয় ফসল সরবরাহ ও পুষ্টি নিরাপত্তা উন্নয়ন প্রকল্প	২৬-২৮
অধ্যায়-৩		ক্ষুদ্রসেচ উইং	
		সেচ সাব সেক্টর রাজস্ব বাজেটভুক্ত কর্মসূচি	২৯
	১.	নোয়াখালী জেলার সুবর্ণ চর উপজেলায় জলাবদ্ধতা দূরীকরণ ও ক্ষুদ্রসেচ উন্নয়ন কর্মসূচী	২৯-৩০
	২.	রাঙ্গামাটি জেলার বরকল ও কাউখালী উপজেলা ক্ষুদ্রসেচ উন্নয়ন কর্মসূচি	৩০-৩১
	৩.	রাঙ্গামাটি জেলার কসবা ও আখাউড়া উপজেলা ক্ষুদ্রসেচ উন্নয়ন কর্মসূচি	৩১
	৪.	পাবনা জেলার চাঁটমোহর, ভাঙ্গুড়া ও ফরিদপুর উপজেলা ভূ-পরিষ্ক পানি ব্যবহারের মাধ্যমে ক্ষুদ্রসেচ উন্নয়ন কর্মসূচি	৩২
	৫.	চট্টগ্রাম জেলার রাউজান উপজেলায় জলাবদ্ধতা দূরীকরণ ও সম্পূরক সেচ উন্নয়ন কর্মসূচি	৩২-৩৩
	৬.	বান্দরবান জেলায় সৌরশক্তি চালিত পাম্পের সাহায্যে ভূপরিষ্ক পানি ব্যবহার করে ফল ও সবজি বাগানে সেচ সম্প্রসারণ কর্মসূচি	৩৩-৩৪
	৭.	নবায়নযোগ্য জ্বালানী ব্যবহার করে খাগড়াছড়ি পাহাড়ী এলাকায় ভূপরিষ্ক পানির মাধ্যমে	৩৪

	ক্ষুদ্রসেচ উন্নয়ন কর্মসূচি	
৮.	কুড়িগ্রাম জেলার সদর, উলিপুর ও চিলমারী উপজেলার চরাঞ্চলে পোর্টে ল সেচ বিতরণ ব্যবস্থা নির্মাণের মাধ্যমে সেচ এলাকা সম্প্রসারণ কর্মসূচি	৩৫
৯.	যশোর জেলার ঝিকরগাছা উপজেলায় ফুল এবং সবজি উৎপাদন সম্প্রসারণে ড্রিপ ইরিগেশন কর্মসূচি	৩৬
১০.	বরিশাল জেলার বাবুগঞ্জ উপজেলার বীরশ্রেষ্ঠ মহিউদ্দিন জাহাঙ্গীর ইউনিয়ন ক্ষুদ্রসেচ উন্নয়ন কর্মসূচি	৩৬-৩৭
১১.	পটুয়াখালী জেলার বাউফল উপজেলায় ভূপরিষ্ক পানির সাহায্যে ফসল উৎপাদন বৃদ্ধি কর্মসূচি	৩৭-৩৮
১২.	সাম্প্রতিক বন্যায় (আগস্ট-২০১৭) দিনাজপুর জেলায় ক্ষতিগ্রস্ত লো-লিফট পাম্প (এলএলপি) ও গভীর নলকূপ পুনর্বাসনকর্মসূচি	৩৮
	সেচ সাব সেক্টর: এডিপিভুক্ত উন্নয়ন প্রকল্প	৩৯
১৩.	ক্ষুদ্রসেচ উন্নয়নে জরিপ ও পরিবীক্ষণ ডিজিটলাইজেশনকরণ-৪র্থ পর্যায় (১৫ম সংশোধিত) প্রকল্প	
১৪.	নোয়াখালী, ফেনী ও লক্ষ্মীপুর জেলায় ক্ষুদ্রসেচ উন্নয়ন প্রকল্প	
১৫.	বৃহত্তর বগুড়া ও দিনাজপুর জেলায় ক্ষুদ্রসেচ উন্নয়ন প্রকল্প	
১৬.	লালমনিরহাট জেলার হাতীবান্ধা উপজেলার সানিয়াজান ইউনিয়নে ভূপরিষ্ক পানি নির্ভর সেচ সম্প্রসারণের মডেল স্থাপনের লক্ষ্যে পাইলট প্রকল্প	
১৭.	সৌরশক্তি ব্যবহারের মাধ্যমে ক্ষুদ্রসেচ উন্নয়ন প্রকল্প	
১৮.	বৃহত্তর খুলনা ও যশোর জেলায় ক্ষুদ্রসেচ উন্নয়ন প্রকল্প	
১৯.	স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিভিনেস প্রজেক্ট	
২০.	সিলেট বিভাগ ক্ষুদ্রসেচ উন্নয়ন প্রকল্প	৩৮-৩৯
২১.	বরিশাল বিভাগ ক্ষুদ্রসেচ উন্নয়ন প্রকল্প	৩৯-৪০
২২.	ডাবল লিফটিং এর মাধ্যমে ভূ-পরিষ্ক পানির সাহায্যে সেচ সম্প্রসারণ প্রকল্প (৩য় পর্যায়)	
২৩.	আশুগঞ্জ-পলাশ এগ্রো ইরিগেশন প্রকল্প-৫ম পর্যায় (১ম সংশোধিত)	
২৪.	কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ভূপরিষ্ক পানি ব্যবহারের জন্য রাবার ড্যাম নির্মাণ প্রকল্প	৪০-৪১
২৫.	ময়মনসিংহ বিভাগ এবং ঢাকা বিভাগের টাঙ্গাইল ও কিশোরগঞ্জ জেলায় ক্ষুদ্রসেচ উন্নয়ন প্রকল্প	৪১-৪২
২৬.	রংপুর অঞ্চলে ভূপরিষ্ক পানি সংরক্ষণের মাধ্যমে ক্ষুদ্রসেচ উন্নয়ন ও সেচ দক্ষতা বৃদ্ধিকরণ শীর্ষক প্রকল্প	
২৭.	বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন(বিএডিসি)'র অফিস ভবন এবং অবকাঠামোসমূহ সংস্কার, আধুনিকীকরণ ও নির্মাণ প্রকল্প	
২৮.	বৃহত্তর ঢাকা জেলায় ক্ষুদ্রসেচ উন্নয়ন প্রকল্প	৪২-৪৩
অধ্যায়-৪	সার ব্যবস্থাপনা উইং	৪৪
অধ্যায়-৫		
	১. অর্থায়ন	৪৬
	২. পরিশিষ্ট-ক: ২০১৮-১৯ অর্থ বছরে ফসল সাব সেক্টরের কার্যক্রমসমূহের বরাদ্দ ও ব্যয়	
	৩. পরিশিষ্ট-খ: ২০১৮-১৯ অর্থ বছরে ফসল সাব সেক্টরের প্রকল্পসমূহের বরাদ্দ ও ব্যয়	
	৪. পরিশিষ্ট-গ: ২০১৮-১৯ অর্থ বছরে সেচ সাব সেক্টরের কার্যক্রমসমূহের বরাদ্দ ও ব্যয়	৪৭
	৫. পরিশিষ্ট-ঘ: ২০১৮-১৯ অর্থ বছরে সেচ সাব সেক্টরের প্রকল্পসমূহের বরাদ্দ ও ব্যয়	৪৮

নির্বাহীসারসংক্ষেপ

কৃষিই বাংলাদেশের অর্থনীতির মূল ভিত্তি। খাদ্য নিরাপত্তা অর্জন, পুষ্টির যোগান, কর্মসংস্থান সৃষ্টি, দারিদ্র্য বিমোচন, সামাজিক স্থিতিশীলতা রক্ষা ও অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে কৃষির গুরুত্ব অপরিসীম। দেশের জিডিপিতে কৃষিখাত গুরুত্বপূর্ণ অবদান রাখছে। দেশের চাহিদার প্রায় অর্ধেক কর্মসংস্থানের যোগান দিচ্ছে এবং কৃষিভিত্তিক শিল্প প্রতিষ্ঠানের প্রধান কাঁচামাল সরবরাহ করে যাচ্ছে। গুরুত্বপূর্ণ জনগণের খাদ্য ও পুষ্টির নিশ্চয়তা, আয়ের সুযোগ সৃষ্টি এবং দারিদ্র্য বিমোচনের মত অপরিহার্য বিষয়গুলোর সাথে কৃষির সম্পর্ক অত্যন্ত নিবিড়। এছাড়াও কৃষি বিভিন্ন ধরনের ভোগ্যপণ্যের, বিশেষ করে গ্রামীণ এলাকার ভোক্তাদের চাহিদাভিত্তিক পণ্যের প্রধান উৎস। তাই গ্রামীণ দারিদ্র্য বিমোচনে কৃষি ক্ষেত্রের উন্নয়ন এবং এর প্রবৃদ্ধি ত্বরান্বিত করা একান্ত অপরিহার্য। দেশের কৃষি সার্বিক উন্নয়নের ক্ষেত্রে বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) একটি গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান। মানসম্পন্ন বীজ সার ও আধুনিক সেচ সুবিধা সঠিক সময়ে সুলভ মূল্যে কৃষকদের দোরগোঁড়ায় পৌঁছানোই এ প্রতিষ্ঠানের মূল লক্ষ্য।

বর্তমান কৃষিবান্ধব সরকার কর্তৃক অর্পিত দায়িত্ব সুষ্ঠুভাবে সম্পাদনের মাধ্যমে বিএডিসি'র কৃষি উন্নয়নমূলক কর্মকান্ড অব্যাহত রয়েছে। এ লক্ষ্যে বিএডিসি সারাদেশে ৩৪টি বীজ উৎপাদন খামার ও ৮০টি চুক্তিবদ্ধ চাষী জোনের মাধ্যমে বীজ উৎপাদন কার্যক্রম পরিচালনা করেছে। উৎপাদিত অতি উচ্চ মানসম্পন্ন বীজ প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ করে পরবর্তী মৌসুমে কৃষক পর্যায় সরবরাহ করছে। ২০১৮-১৯ অর্থ বছরে বিএডিসি কর্তৃক ধান, গম, ভুট্টা, আলু, পাট, ডাল ও তৈলবীজ এর সর্বমোট প্রায় ৪০ লক্ষ মে.টন বীজ উৎপাদন ও ১.৩৯ লক্ষ মে.টন বীজ কৃষক পর্যায় সরবরাহ করা হয়েছে। একই সময়ে উদ্যান জাতীয় ফসলের ৩৩৫.৫০ লক্ষ চারা, গুটি/কলম, ৩.১৩ লক্ষ মে.টন শাক-সবজি ও ফল উৎপাদন ও সরবরাহ করা হয়েছে। ২০১৮-১৯ অর্থ বছরে বিএডিসি কর্তৃক ৪৮টি প্রকল্প এবং ২০টি কার্যক্রম ও কর্মসূচি বাস্তবায়ন করা হয়েছে। এসব প্রকল্পের অনুকূলে ২০১৮-১৯ অর্থ বছরে এডিপি বরাদ্দ ছিল ৫৮০.৭৫ কোটি টাকা, ব্যয় হয়েছে ৫৭৭.৯৭ কোটি টাকা, যা বরাদ্দের ৯৯.৫২% এবং কার্যক্রম কর্মসূচির অনুকূলে বরাদ্দ ছিল ১৭৩.৮৫ কোটি টাকা; ব্যয় হয়েছে ১৭৩.৫৫ কোটি টাকা, যা বরাদ্দের ৯৯.৮৩%। সেচ সরবরাহ ও সেচ এলাকা সম্প্রসারণের জন্য ২০১৮-১৯ অর্থ বছরে বিএডিসি কর্তৃক ১৬টি প্রকল্প ও ১২টি কর্মসূচি বাস্তবায়ন করা হয়েছে। বাস্তবায়িত সেচ প্রকল্প ও কর্মসূচির মাধ্যমে ২০১৮-১৯ অর্থ বছরে ২১,৫০০ হেক্টর সেচ এলাকা বৃদ্ধি/সম্প্রসারণ, ৫৬০ কিলোমিটার খাল পুনঃখনন, ২৪ কিলোমিটার ফসল রক্ষা বাঁধ, ৫৩০ কিলোমিটার ভূ-গর্ভস্থ ও ভূপরিষ্ক সেচনাল, ২টি রাবার ড্যাম (০১টি চলমান), ১টি হাইড্রোলিক এলিভেটর ড্যাম, ৭৫টি সৌরশক্তিচালিত সেচ পাম্প স্থাপন, ২৫টি সৌরশক্তিচালিত ডাগওয়েল স্থাপন, ৩৭৫টি সেচযন্ত্র মাঠে ক্ষেত্রায়ন, ৩৮০টি সেচযন্ত্রে বিদ্যুতায়ন, ১৫টি ওয়াটার কন্ট্রোল স্ট্রাকচার, ২৯টি ড্রিপ সেচ ব্যবস্থা প্রদর্শনী প্লট স্থাপন, ৪টি স্প্রিংকলার সেচ ব্যবস্থা প্রদর্শনী প্লট স্থাপন, ৫টি ফুল/সবজিপলি হাউজ নির্মাণ ৮৪,৮০০ মিঃ ফ্লেক্সিবল হোস পাইপ/ফিতা পাইপ সরবরাহ, ২১টি ভবন মেরামত/সংস্কার ও ৪৮০টি সেচ অবকাঠামো নির্মাণ করা হয়েছে। ২০১৮-১৯ অর্থ বছরে বিএডিসি'র মাধ্যমে টিএসপি ৩.১৫ লক্ষ মে.টন, এমওপি ৪.৭৮ লক্ষ মেট্রিক টন ও ডিএপি ৩.৬৭ লক্ষ মেট্রিক টনসহ সর্বমোট ১১.৬০ লক্ষ মেট্রিক টন সার আমদানি করা হয়েছে। উক্ত সময়ে টিএসপি ৪.০৫ লক্ষ মেট্রিক টন, এমওপি ৪.০৮ লক্ষ মেট্রিক টন ও ডিএপি ২.৯৩ লক্ষ মেট্রিক টনসহ সর্বমোট ১১.০৬ লক্ষ মেট্রিক টন সার বিতরণ করা হয়েছে। আলোচ্য বছরে ৬টি বীজ গুদাম ও ১০টি ট্রানজিট বীজ গুদাম (প্রতিটি ১০০ থেকে ২৫০ মে.টন ধারণক্ষমতাসম্পন্ন) নির্মাণ করা হয়েছে। ২০১৮-১৯ অর্থ বছরে বিএডিসিতে ৫৫৫ জনকে নিয়োগ/আত্মিকরণ, ৪৯ জন কর্মকর্তা ও ৬৯ জন কর্মচারীসহ মোট ১১৮ জনকে পদোন্নতি, ৫১২ জনকে অভ্যন্তরীণ, ১১৬০ জনকে ইন-হাউজ ও ২৬ জনকে বৈদেশিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া দেশের অভ্যন্তরে ২৬টি সেমিনার/ওয়ার্কশপে ১৩৭৫ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

২০১৬-১৭ অর্থ বছরে বিএডিসি গবেষণা কার্যক্রম শুরু করে একটি গবেষণা সেল গঠন করে এবং ২০১৮-১৯ অর্থ বছরে গবেষণা সেলের মাধ্যমে ০৭টি গবেষণা কার্যক্রম চলমান রয়েছে। বর্তমান সরকারের ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের গতিতে ত্বরান্বিত করতে ইতোমধ্যে

বিএডিসি'র অনলাইনভিত্তিক কার্য ক্রমসেবার আওতা ও পরিধি এবং ইন্টারনেটভিত্তিক যোগাযোগ বৃদ্ধি করা হয়েছে। বিএডিসিতে প্রায় শতভাগ ই-জিপি বাস্তবায়ন করা হয়েছে। একইসাথে ই-ফাইলিং চালুর মাধ্যমে বিএডিসি ডিজিটাল নথি ব্যবস্থাপনার যুগে প্রবেশ করেছে। ই-ফাইলিং কার্য ক্রমেধারাবাহিকভাবে বিএডিসি কৃষি মন্ত্রণালয়ে প্রথম/ দ্বিতীয় এবং জাতীয় পর্যায়ের মতো অবস্থান করেছে। ২০১৮-১৯ অর্থ বছরে বিএডিসি জাতীয় সবজি মেলা-২০১৯ প্রথম পুরস্কার, জাতীয় কৃষি যন্ত্রপাতি মেলা-২০১৯ প্রথম পুরস্কার, জাতীয় ফল প্রদর্শনী মেলা-২০১৯ দ্বিতীয় পুরস্কার, জাতীয় বীজ মেলায়-২০১৯ প্রথম পুরস্কার এবং জাতীয় বৃক্ষ মেলা-২০১৯ প্রথম পুরস্কার অর্জন করে কৃতিত্বের স্বাক্ষর রেখেছে।

বর্তমানে বিএডিসি'র কাজের পরিধি অনেক বৃদ্ধি পেয়েছে। বহুমুখী কার্য ক্রমসম্বলিত এ প্রতিষ্ঠান দেশের প্রত্যন্ত অঞ্চলে কৃষকের দোরগোড়ায় পৌঁছে দিচ্ছে বিভিন্ন কৃষি উপকরণ ও আধুনিক কৃষি প্রযুক্তি। বিশ্বায়নের এই যুগে কৃষিতে যুক্ত হচ্ছে নতুন প্রযুক্তি ও ধ্যান-ধারণা। এই নতুন প্রযুক্তি ও ধ্যান-ধারণা এবং বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের প্রেক্ষাপটে বিএডিসি বীজ, সেচ ও সার ব্যবস্থাপনা কার্য ক্রমআধুনিকীকরণ অব্যাহত রেখেছে। এছাড়া শীঘ্রই বাংলাদেশের কৃষিকে বাণিজ্যিক কৃষিতে রূপান্তরের লক্ষ্যে কাজ শুরু করতে চায় বিএডিসি। দেশের জনগণ ও কৃষকের কাছে একটি আদর্শ সেবামুখী প্রতিষ্ঠান হিসেবে মানসম্পন্ন বীজ উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ ও বিতরণ, মানসম্পন্ন সার আমদানি ও সরবরাহ এবং সেচ সুবিধা সম্প্রসারণের পাশাপাশি পরিবেশ সংরক্ষণ ও জলবায়ু পরিবর্তনের প্রতিকূল প্রভাব মোকাবেলার মাধ্যমে জনগণের খাদ্য ও পুষ্টির চাহিদা পূরণের লক্ষ্যকে সামনে রেখে অগ্রসর হচ্ছে বিএডিসি।

অধ্যায়-১

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন(বিএডিসি) কৃষি মন্ত্রণালয়ের অধীন একটি গুরুত্বপূর্ণ সেবামূলক কর্পোরেশন। দেশে খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে কৃষক পর্যায় কৃষি উপকরণ ও প্রযুক্তিহস্তান্তরের মাধ্যমে কৃষির উন্নয়নই এ প্রতিষ্ঠানের মূল লক্ষ্য। এ লক্ষ্যে বিএডিসি গুণগত মানসম্পন্ন বীজ উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ ও সরবরাহ, ভূপরিষ্কৃত ও ভূগর্ভস্থ পানির সর্বোত্তম স্বাস্থ্য নিশ্চিতকরণ এবং মানসম্পন্ন সার আমদানি ও বিতরণ কার্যক্রমসমূহ বাস্তবায়ন করছে।

১. পরিচিতি

কৃষকদের নিকট কৃষি উপকরণের সহজপ্রাপ্যতা নিশ্চিতকল্পে এবং দেশের সেচ এলাকা সম্প্রসারণের কাজ ত্বরান্বিত করার জন্য তদানীন্তন পাকিস্তান সরকার ১৯৫৯ সনের ১৬ জুলাই খাদ্য ও কৃষি কমিশন গঠন করে। এ কমিশন দেশের ক্রমবর্ধমান জনসংখ্যার খাদ্য চাহিদা পূরণের লক্ষ্যে কৃষি উৎপাদন বৃদ্ধি ও জীবনযাত্রার মান উন্নয়ন এবং কৃষি উপকরণ কৃষকদের দোরগোড়ায় পৌঁছে দেয়ার লক্ষ্যে কৃষি উন্নয়ন কর্পোরেশন প্রতিষ্ঠার প্রস্তাব করে। এরই প্রেক্ষিতে ১৯৬১ সনের ১৬ অক্টোবর ৩৭ নং অধ্যাদেশবলে ইস্ট পাকিস্তান এগ্রিকালচারাল ডেভেলপমেন্ট কর্পোরেশন(ইপিএডিসি) প্রতিষ্ঠা লাভ করে, যা বর্তমানে বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন(বিএডিসি) নামে পরিচিত।

২. রূপকল্প (vision): মানসম্পন্ন কৃষি উপকরণ যোগান ও দক্ষ সেচ ব্যবস্থাপনা।

৩. অভিলক্ষ্য (Mission):

১. উচ্চ ফলনশীল বিভিন্ন ফসলের বীজ উৎপাদন, সংরক্ষণ ও সরবরাহ বৃদ্ধি;
২. সেচ প্রযুক্তির উন্নয়ন, ভূপরিষ্কৃত পানির সর্বোত্তম ব্যবহারজলাবদ্ধতা দূরীকরণ, সেচ দক্ষতা ও সেচকৃত এলাকা বৃদ্ধি;
৩. কৃষক পর্যায় মানসম্পন্ন নন-নাইট্রোজেনাস সার সরবরাহ।

কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

প্রতিষ্ঠানের কৌশলগত উদ্দেশ্যসমূহ:

১. কৃষি উপকরণের সহজপ্রাপ্যতা ও সরবরাহ বৃদ্ধিকরণ;
২. ভূপরিষ্কৃত পানির সর্বোত্তম ব্যবহার এবং
৩. নন-নাইট্রোজেনাস সার সরবরাহ বৃদ্ধিকরণ।

আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ:

১. দাপ্তরিক কর্ম কাঙ্ক্ষিত স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহিতা নিশ্চিতকরণ;
২. কর্ম সম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি;
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন।


৪. প্রধান কার্যাবলী (Functions):

১. মানসম্পন্ন ভিত্তি, প্রত্যাশিত ও মানযোষিত বীজ উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ ও সরবরাহ;
২. নন-নাইট্রোজেনাস (টিএসপি, এমওপি, ডিএপি) সার আমদানি, সংরক্ষণ ও সময়মত নির্ধারিতমূল্যে কৃষকদের মাঝে সরবরাহ;
৩. সেচ দক্ষতা, সেচ এলাকা ও আবাদী জমির পরিমাণ বৃদ্ধি এবং সুলভ মূল্যে সেচ সুবিধা প্রদান;
৪. সেচ যন্ত্রপাতি সংগ্রহ ও কৃষক পর্যায় সেচসহজলভ্যতা বৃদ্ধি;
৫. প্রতিকূলতা সহিষ্ণু তথা লবণাক্ততা, খরা ও জলমগ্নতা সহিষ্ণু জাতের বীজ উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ ও সরবরাহ;
৬. উদ্যান ফসল, চারা-কলম, শাক-সবজি, ফল উৎপাদন ও সরবরাহ;
৭. গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত জাত ও প্রযুক্তি কৃষকের নিকট সহজলভ্যকরণ;
৮. খালনালা পুনঃখনন করে জলাবদ্ধতা দূরীকরণের মাধ্যমে আবাদী জমির আওতা বৃদ্ধি;
৯. ভূপরিষ্কৃত পানির ব্যবহার বৃদ্ধির জন্য বিভিন্ন ধরনের ভৌত অবকাঠামো নির্মাণ;
১০. নন-নাইট্রোজেনাস সারের বাফার স্টক সৃষ্টির মাধ্যমে কৃষক পর্যায় সেচসহজলভ্যকরণ ও সারের বাজার মূল্য নিয়ন্ত্রণ।

৫. সংগঠনিক কাঠামো ও জনবল

বিএডিসির কার্যক্রমটি উইং যথাঃ প্রশাসন উইং, অর্থ উইং, বীজ ও উদ্যান উইং ক্ষুদ্রসেচ উইং, এবং সার ব্যবস্থাপনা উইং এর মাধ্যমে পরিচালিত হয়। সরকার কর্তৃক ১৭ নভেম্বর, ১৯৯৯ তারিখে গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে বিএডিসিকে পুনর্গঠন করতঃ জনবল ৬৮০০ জনে নির্ধারণ করা হয়। পুনর্গঠিত জনবল কাঠামো ১০০ পদ ১-১০ গ্রেডভুক্ত এবং ৫১০০ পদ ১১-২০ গ্রেডভুক্ত। বিএডিসিতে ৬৮০০ জনবলের মধ্যে বর্তমানে ৩৬৬৬ জন কর্মরত রয়েছে এবং ৩১৩৪টি পদ শূন্য রয়েছে।

৬. বিএডিসির পরিচালনা পর্ষদ



চেয়ারম্যান, বিএডিসি পদাধিকারবলে বিএডিসির পরিচালনা পর্ষদের সভাপতি। এছাড়াও জন সার্বক্ষণিক সদস্য যথা: সদস্য পরিচালক (অর্থ), সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা) ও সদস্য পরিচালক (ক্ষুদ্রসেচ) এবং পদাধিকারবলে ২ জন সদস্য (নিবন্ধক ও মহাপরিচালক সমবায় অধিদপ্তর এবং মহাপরিচালক, বিআরডিবি) নিয়ে মোট ৭ জন সদস্য সমন্বয়ে পরিচালনা পর্ষদ গঠিত। সচিব, বিএডিসি পরিচালনা পর্ষদের সদস্যসচিব হিসেবে দায়িত্ব পালন করেন। বিএডিসি পরিচালনা পর্ষদ কর্তৃক পরিচালনার সার্বিক ব্যবস্থাপনার দায়িত্ব নিয়োজিত। চেয়ারম্যান এবং সদস্য পরিচালকবৃন্দ সরকার কর্তৃক নিয়োগপ্রাপ্ত হন।

৭. প্রশাসন উইং

বিএডিসির কর্ম পরিকল্পনা প্রণয়ন, উন্নয়ন কর্ম কান্ড মনিটরিং ও প্রশাসনিক কার্যক্রম পরিচালনার জন্য একটি পৃথক প্রশাসন উইং রয়েছে। এই উইং এর মাধ্যমে বিএডিসির প্রকল্প/কর্মসূচি প্রণয়ন ও প্রক্রিয়াকরণ, উন্নয়ন কার্যক্রম মনিটরিং ও মূল্যায়ন ক্রয় কার্যক্রম কর্মচারী ব্যবস্থাপনা ও শৃঙ্খলামূলক কার্যক্রম বদলী, পদায়ন, নিয়োগ, পদোন্নতি, তদন্ত, আইনী কার্যক্রম সম্পাদন করা হয়। কর্পোরেশনের স্বার্থে এটি সরকার এবং অন্যান্য সংস্থার পাশাপাশি বিদেশি এজেন্সির সাথেও যোগাযোগ করে থাকে। প্রশাসন উইং এর প্রধান চেয়ারম্যান। চেয়ারম্যানের প্রত্যক্ষ তত্ত্বাবধানে পরিকল্পনা, মনিটরিং (আইসিটি সেলসহ), তদন্ত এবং ক্রয় বিভাগের কার্যক্রম পরিচালিত হয়। এছাড়া সংস্থাপন, নিয়োগ ও কল্যাণ, সংগঠন ও ব্যবস্থাপনা, জনসংযোগ, আইন, সাধারণ পরিচর্যা, সমন্বয়, চিকিৎসা কেন্দ্র, ডে-কেয়ার সেন্টার ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানের কার্যক্রমসচিব, বিএডিসির মাধ্যমে পরিচালিত হয়।

৮. অর্থ উইং

অর্থ, হিসাব ও অডিট বিভাগ নিয়ে অর্থ উইং গঠিত। সকল আর্থিক হিসাব ও অডিট সংক্রান্ত কার্যাবলী এই উইং এর মাধ্যমে সম্পাদিত হয়। অর্থ বিভাগ সংস্থার বাজেট প্রণয়ন প্রক্ষেপণ ও বরাদ্দ প্রদানের মাধ্যমে বিভিন্ন অনুমোদিত প্রকল্প ও প্রশাসনিক কর্মসূচির ব্যয় নিয়ন্ত্রণ; আনুতোষিক, ছুটিনগদীকরণ ও অন্যান্য সকল বিলের পরীক্ষা নিরীক্ষান্তে মঞ্জুরী প্রদান; সংস্থার অর্থ ছাড়ের জন্য মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রক্ষা করা; এবং বিভিন্ন আর্থিক বিষয়ে সংস্থার অন্যান্য বিভাগকে মতামত প্রদানসহ বিভিন্ন কার্য সম্পন্ন করে থাকে। হিসাব বিভাগ সংস্থার সকল বিভাগের আওতায় উন্নয়ন ও অনুন্নয়ন প্রকল্পের বিল ভাউচার পাশ ও পরিশোধ, সব ধরনের হিসাব সংরক্ষণ, খরচের সঠিকতা যাচাই ও আনুতোষিক, প্রদেয় ভবিষ্যৎ তহবিলসহ সকল তহবিলের সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিত করে থাকে। এছাড়াও সংস্থার সকল প্রকার ব্যাংক হিসাব খোলা, পরিচালনা, নিয়ন্ত্রণ ও সংরক্ষণ নিশ্চিতকরণ, হিসাব নিরীক্ষার জন্য বহিঃঅডিটের ব্যবস্থা গ্রহণ; অর্থ ছাড়করণের জন্য মহাহিসাবরক্ষকের সঙ্গে লিয়াজৌ এবং আর্থিক বিধিবিধানের যথাযথ বাস্তবায়ন পর্যবেক্ষণের ইত্যাদি কার্যাবলী উল্লেখযোগ্য। সংস্থার চলমান অডিট কার্যক্রম পরিচালনা অভ্যন্তরীণ অডিট কর্মসূচি প্রণয়ন অডিট কার্য সম্পাদন ও রিপোর্ট প্রদান; অডিট আপত্তি মীমাংসার জন্য ব্যবস্থা গ্রহণ; পিএ কমিটি/ বহিঃঅডিট/ বাণিজ্যিক অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ স্থাপন, কর্মকর্তা/কর্মচারীদের বেতন নির্ধারণের বিষয়ে মতামত ও অনুমোদন প্রদান এবং বোর্ড সভায় অর্থ আত্মসাৎ ও গুরুতর আর্থিক

অনিয়মের বিষয়গুলো তুলে ধরাসহ বিভিন্ন কার্য ক্রম অডিট বিভাগ কর্তৃক সম্পাদনের মাধ্যমে সংস্থা এরঅভ্যন্তরীণ ব্যবস্থা নিয়ন্ত্রণ করে থাকে।

৮. নিয়োগ, পদোন্নতি ও প্রশিক্ষণ

২০১৮-১৯ অর্থ বছরে বিএডিসিতে ৫৫৫ জনকে নিয়োগ/আত্তীকরণ, ৪৯ জন কর্মকর্তাও ৬৯ জন কর্মচারীসহ মোট ১১৮ জনকে পদোন্নতি, ৫১২ জনকে অভ্যন্তরীণ, ১১৬০ জনকে ইন-হাউজ ও ২৬ জনকে বৈদেশিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া দেশের অভ্যন্তরে ২৬টি সেমিনার/ওয়ার্কশপে ১৩৭৫ জন কর্মকর্তাঅংশগ্রহণ করেন।

বিএডিসি দুই ধরনের প্রশিক্ষণ আয়োজন করে থাকে, যেমন:

ক. স্থানীয় প্রশিক্ষণ এবং

খ. বিদেশী প্রশিক্ষণ

বিএডিসি'র কর্মকর্তাকর্মচারীদের চাকরিকালীন প্রশিক্ষণের জন্য টাঙ্গাইলের মধুপুরে একটি প্রশিক্ষণ প্রতিষ্ঠান রয়েছে। পর্যাপ্তশৈক্ষিকক্ষ, লাইব্রেরী, কম্পিউটার ল্যাব এবং প্রশিক্ষণার্থী ও প্রশিক্ষকদের উপযুক্ত বাসস্থান সুবিধাসহ এটিকে একটি আধুনিক প্রশিক্ষণ প্রতিষ্ঠান হিসাবে গড়ে তোলা হয়েছে। ১৯৬৮ সালে প্রতিষ্ঠার পর থেকেই প্রশিক্ষণ প্রতিষ্ঠানটিকে বিএডিসির কর্মকর্তাও কর্মচারীদের পেশাগত দক্ষতা বৃদ্ধির জন্য কাজ করে আসছে। প্রশিক্ষণ প্রতিষ্ঠানটির সার্বিক ব্যবস্থাপনা অধ্যক্ষের উপর ন্যস্ত এবং তাঁকে সার্বিক কসহযোগিতার জন্য একজন উপাধ্যক্ষ ও চারজন প্রশিক্ষক রয়েছে। প্রশিক্ষণ প্রতিষ্ঠানটি সাধারণত ৩ ধরনের প্রশিক্ষণ আয়োজন করে থাকে, যা নিম্নরূপ:

- নব নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাও কর্মচারীদেরবুনিয়াদী প্রশিক্ষণ;
- কর্মকর্তাও কর্মচারীদেররিফ্রেশারস কোর্স;
- স্বল্পমেয়াদী বিশেষ প্রশিক্ষণ।

৯. গবেষণা কার্য ক্রম

বর্তমান কৃষি বান্ধব সরকারের উদ্যোগে ২০১৬-১৭ অর্থ বছর হতে বিএডিসিতে গবেষণা কার্য ক্রমশুরু করা হয়েছে। বিএডিসি অর্ডিনেন্সে গবেষণার ম্যান্ডেট থাকলে ও দীর্ঘ দিনবিএডিসিতে গবেষণা কার্য ক্রমঅনুপস্থিত ছিল। মহান জাতীয় সংসদে পাশকৃত বিএডিসি আইনে উন্নতজাত উদ্ভাবন, বিএডিসি'র নামে ছাড়করণ, লাগসই প্রযুক্তি উদ্ভাবনসহ সকল প্রকার গবেষণা কার্য ক্রমপরিচালনার জন্য অন্যান্য প্রতিষ্ঠানের সাথে বিএডিসিকে দায়িত্ব দেয়া হয়েছে। বিএডিসিতে একটি গবেষণা সেল প্রতিষ্ঠিত হয়েছে। বিএডিসিতে কর্মরত কৃষি বিজ্ঞানী ও প্রশৌশলীবৃন্দ বিভিন্ন বিষয়ে গবেষণার কর্মকান্ডপরিচালনা করছেন।

কৃষি মন্ত্রণালয়ের রাজস্ব বাজেটের আওতায় নিম্নলিখিত ৭টি গবেষণা কার্য ক্রমচলমান রয়েছেঃ

1. Purification of Rice Research Project.
2. Seed quality determination Research Project.
3. Standardization of sieve sizes Research Project.
4. Assessment of Irrigation Efficiency Research project
5. Seed demand assessment Research project.
6. Year-round mango production Research project
7. Rainwater banking Research project.

কৃষি মন্ত্রণালয়ের রাজস্ব বাজেটসহ উক্ত গবেষণা কার্য ক্রমসম্পন্ন হলে নিম্নবর্ণিত ফলাফল পাওয়া যাবে:

- (১) স্বল্প জীবনকাল বিশিষ্ট (Short duration) স্থানীয় আউশ ও আমন ধানের বিশুদ্ধ কালটিভার পাওয়া যাবে এবং উক্ত কালটিভারের মানসম্পন্ন বীজ কৃষক পর্যাপ্তপাওয়াসম্ভব হবে এতে ফলন বৃদ্ধি পাবে।
- (২) প্রতিকূলতাসহিষ্ণু ধান ও গমের জাতসমূহের বীজের গুণাগুণ নির্ধারণ ও উন্নয়ন করা যাবে।
- (৩) গ্রেডিং মেশিনের চালানির আকার সমন্বয় করে কৃষকের ধানের বীজ গ্রেডিং এর ক্ষেত্রে বীজের অপচয় কমানো যাবে। ফলে কৃষকের বীজের সাশ্রয় হবে।
- (৪) উপকূলীয় অঞ্চলের সেচ দক্ষতা জানা যাবে যার ফলে সেচের অপচয় রোধে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া সম্ভব হবে।
- (৫) কৃষক পর্যাপ্তপাওয়াসম্ভব বীজের চাহিদা নিরূপন সম্ভব হবে।
- (৬) সারাবছর মেয়াদি আম উৎপাদন প্রযুক্তি জানা যাবে।
- (৭) লবনাক্ত এলাকায় বৃষ্টির পানি ভূগর্ভে প্রবেশের মাধ্যমে লবনমুক্ত সুপেয় পানি পাওয়া যাবে।

অধ্যায় ২- বীজ ও উদ্যান উইং

মানসম্মত বীজ ফসল উৎপাদন বৃদ্ধির অন্যতম প্রধান ও মৌলিক কৃষি উপকরণ। অধিক হারে মানসম্পন্ন বীজ উৎপাদন ও কৃষকদের নিকট সরবরাহের মাধ্যমে ফসলের উৎপাদন বৃদ্ধি করা সম্ভব। ডাল বীজ এককভাবে ফসলের ফলন ১৫-২০% পর্যন্ত বৃদ্ধি করতে সক্ষম। ফসলের উৎপাদন বৃদ্ধি এবং খাদ্য নিরাপত্তা অর্জনের জন্য বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) সারা দেশে ২৪টি দানাশস্য বীজ উৎপাদন খামার, ২টি পাট বীজ উৎপাদন খামার, ২টি আলু বীজ উৎপাদন খামার, ৪টি ডাল ও তৈলবীজ উৎপাদন খামার, ২টি সবজি বীজ উৎপাদন খামার ও ৮০টি চুক্তিবদ্ধ চাষি জোনের মাধ্যমে বীজ উৎপাদন কার্যক্রম পরিচালনা করে থাকে। এছাড়া এ সংস্থা ৯ উদ্যান উন্নয়ন কেন্দ্র ও ১৪টি এগ্রো-সার্ভিস সেন্টারের মাধ্যমে উৎপাদিত বিভিন্ন ফসলের চারা, কলম, গুটি ইত্যাদি উৎপাদন ও কৃষক পর্যায়ে বিতরণ কার্যক্রম পরিচালনা করছে। উৎপাদিত বীজ প্রক্রিয়াজাত ও সংরক্ষণ করে পরবর্তী মৌসুমে কৃষক পর্যায়ে সরবরাহ করা হচ্ছে।

১. ২০১৬-১৭ বর্ষে বিএডিসি কর্তৃক উৎপাদিত ও বিতরণকৃত বীজের পরিমাণ

পরিমাণ: মে. টন

ক্র নং	ফসলের নাম	২০১৮-১৯ অর্থ বছরের লক্ষ্যমাত্রা	২০১৮-১৯ অর্থ বছরের উৎপাদন	২০১৮-১৯ অর্থ বছরের বিতরণ	মন্তব্য
১.	আউশ	২০২৯.০	২২৩৩.২	৩১০৮.৯৬	
২.	আমন	২২১৬৯.০	২১৯২৫.৩	১৭৮০৯.৫৭	
৩.	বোরো	৬৪৪৪৭.০	৬৩০৯৭.০	৬২৬৩৫.০৩	
৪.	বোরো হাইব্রিড	৮৫৩.০	৮৮৫.৪	৭৯৩.৫৩	
৫.	মোট ধান বীজ=	৮৯৪৯৮.০	৮৮১৪১.০	৮৪৩৪৭.১১	
৬.	গম	১৫০২৮.৩	১২০০৭.০	১৭৯৫৮.১৬	
৭.	ভুট্টা	১১১.০	৮২.০	১৩.৭৮	
৮.	মোট দানাশস্য বীজ=	১০৪৬৩৭.৩	১০০২৩০.৭	১০২৩১৯.০৬	
৯.	আলু বীজ	৩৫৫১০.৩	৩৪৯৯২.৭	৩১৬৪৯.২৬	
১০.	ডাল বীজ	২৩১৩.৫	২২৭৯.৬	২১২৮.৯২	
১১.	তৈল বীজ	১৬৭৯.২	১৬৩৬.৪	১২১০.৩০	
১২.	পাট বীজ	৪৩৭.০	২৯৩.৩	৩৫২.৩৯	
১৩.	সবজি বীজ	১০২.৬	৮২.৮	৬৭.৭২	
১৪.	মসলা বীজ	২০৫.০	২০৫.০	১৯৯.৪১	
	সর্ব মোট=	১৪৪৮৮৪.৪	১৩৯৭২০.৬	১৩৭৯২৭.১১	

ফসল সাব সেক্টর: রাজস্ব বাজেটভুক্ত কর্ম সূচি

বীজ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ২০১৮-১৯ অর্থ বছরে বিএডিসি'র বীজ ও উদ্যান উইং এর মাধ্যমে ৭টি কার্যক্রমও ০১টি কর্মসূচি বাস্তবায়ন করা হয়েছে। ২০১৮-১৯ অর্থ বছরে ৮টি বীজ কর্মসূচিকার্যক্রমেরঅনুকূলে রাজস্ব বাজেটে বরাদ্দ ছিল ১৩০.৯৫ কোটি টাকা, ব্যয় হয়েছে ১৩০.৯৫ কোটি টাকা, যা বরাদ্দের ১০০%। ২০১৮-১৯ অর্থ বছরে বিএডিসি কর্তৃক নিম্নোক্ত ৭টি কার্যক্রমও ০১টি কর্মসূচি বাস্তবায়ন করা হয়েছে:

১. বীজ বর্ধন্থামারের মাধ্যমে উন্নতমানের দানাশস্য বীজ উৎপাদন কার্যক্রম
২. চুক্তিবদ্ধ চাষিদের মাধ্যমে উন্নতমানের দানাশস্য বীজ উৎপাদন কার্যক্রম
৩. উন্নতমানের দানাশস্য বীজ সংগ্রহ, প্রক্রিয়াজাতকরণ ও বিতরণ কার্যক্রম
৪. পাটবীজ উৎপাদন কার্যক্রম
৫. বীজের আপেক্ষিকালীন মজুদ ও তার ব্যবস্থাপনা কার্যক্রম
৬. জাতীয় সবজি বীজ উৎপাদন কার্যক্রম;
৭. এগ্রো-সার্ভিস সেন্টার কার্যক্রম
৮. ভিয়েতনামী খাটো সিয়াম গ্রীন ও সিয়াম ব্লু জাতের নারিকেলের মাতৃ বাগান স্থাপন এবং কেরালার হাইব্রিড জাতের নারিকেল বাগান প্রদর্শনী স্থাপন কর্মসূচি

১. বীজ বর্ধন্থামারের মাধ্যমে উন্নতমানের দানাশস্য বীজ উৎপাদন কার্যক্রম

১.১ কার্যক্রমে উদ্দেশ্য

- মানসম্পন্ন বীজ সরবরাহের লক্ষ্যে প্রজনন বীজ ও ভিত্তি বীজ স্টেজ-১ হতে প্রয়োজনীয় ভিত্তি বীজ পরিবর্ধন
- হাইব্রিড (F1) ধান বীজ উৎপাদন এবং চাষিদের মাঝে বিতরণ করে হাইব্রিড ধান বীজের চাহিদা মেটানো;
- হাইব্রিড (F1) ধান বীজ উৎপাদনের মাধ্যমে দেশে হাইব্রিড ধান বীজের আমদানি নির্ভরতা কমানো;
- খামার ব্যবস্থাপনা ও বীজ উৎপাদনের উপর কর্মকর্তা, কর্মচারী ও বেসরকারী উৎপাদকগণকে বীজ উৎপাদনের উপর প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে আধুনিক/উন্নত প্রযুক্তিসম্পন্ন দক্ষ জনবল সৃষ্টি;
- সংগঠিত বীজ উৎপাদনকারীর নিকট ভিত্তি বীজ সহজলভ্য করণ।

১.২. কার্যক্রমএলাকা

বিভাগ	জেলা	উপজেলা
ঢাকা	ঢাকা	মিরপুর
	টাংগাইল	মধুপুর
	ফরিদপুর	ফরিদপুর সদর
	রাজবাড়ী	পাংশা
ময়মনসিংহ	ময়মনসিংহ	মুক্তাগাছা
	নেত্রকোনা	নেত্রকোনা সদর
রাজশাহী	পাবনা	আটঘরিয়া
রংপুর	নীলফামারী	নীলফামারী সদর
	ঠাকুরগাঁও	ঠাকুরগাঁও সদর
সিলেট	সিলেট	সিলেট সদর
	হবিগঞ্জ	মাধবপুর
চট্টগ্রাম	ফেনী	ফেনী সদর
	কক্সবাজার	কক্সবাজার সদর
খুলনা	খুলনা	পাইকগাছা
	ঝিনাইদহ	মহেশপুর
		ঝিনাইদহ সদর
	চুয়াডাংগা	জীবননগর
		চুয়াডাংগা
	মেহেরপুর	মেহেরপুর সদর
বরিশাল	বরিশাল	বরিশাল সদর
	পটুয়াখালী	দশমিনা

১.৩	কার্য ক্রমে: মেয়াদকাল	:	জুলাই ২০১৮ - জুন ২০১৯
১.৪	কার্য ক্রম ব্যয়	:	১৭৫০.০০ লক্ষ টাকা
১.৫	২০১৮-১৯ অর্থ বছরে বরাদ্দ	:	১৭৫০.০০ লক্ষ টাকা
১.৬	২০১৮-১৯ অর্থ বছরে অবমুক্ত	:	১৭৫০.০০ লক্ষ টাকা
১.৭	২০১৮-১৯ অর্থ বছরে আর্থিক অগ্রগতি	:	১৭৫০.০০ লক্ষ টাকা
১.৮	২০১৮-১৯ অর্থ বছরে ভৌত অগ্রগতি	:	১০০%
১.৯.	২০১৮-১৯ অর্থ বছরে বাস্তবায়িত কার্য ক্রমের প্রধান প্রধান কার্য ক্রম		

প্রধান প্রধান কাজ	ডিপিপি/পিপিএনবি লক্ষ্যমাত্রা	২০১৮-১৯		অর্জনের হার (%)
		লক্ষ্যমাত্রা	অর্জন (সংখ্যা/পরিমাণ)	
আউশ	১০৯৬.০০	১০৯৬.০০	১১০২.৪৫	১০১
আউশ (নেরিকা)	১০০.০০	১০০.০০	৯৫.০৮	৯৫
আমন	৩৭০০.০০	৩৭০০.০০	৩৫৫৩.৯৯	৯৬
আমন (নেরিকা)	২১০.০০	২১০.০০	১৯১.৬৩	৯১
বোরো	৩৯০০.০০	৩৯০০.০০	৩৭৯৩.০০	৯৭
বোরো (নেরিকা)	৫০.০০	৫০.০০	৪১.০০	৮২
হাইব্রিড ধান	৮৭০.০০	৮৭০.০০	৮৮৬.৬৫	১০২
আলু	১৪৪০.০০	১৪৪০.০০	১৭৩৬.৯০	১২১
গম	১৭০.০০	১৭০.০০	২৮৬.৯৯	১৬৯
অন্যান্য	১০.০০	১০.০০	১৬.২০	১৬২
মোট	১১৫৪৬.০০	১১৫৪৬.০০	১১৭০৩.৮৯	১০১

১.১০. ২০১৮-১৯ অর্থ বছরে প্রশিক্ষণের তথ্যাদি

প্রশিক্ষণ কোর্সের নাম	অংশগ্রহণকারীর ডিলার/স্কিম ম্যানেজার/কৃষক)	ধরণ (কর্ম কর্তৃক-কর্মচারী/)	২০১৮-১৯		অর্জনের হার (%)
			লক্ষ্যমাত্রা (সংখ্যা/জন)	অর্জন	
-	-	-	-	-	-

১.১১. ২০১৮-১৯ অর্থ বছরে সেমিনার/কর্ম শালার তথ্যাদি

সেমিনার/ কর্ম শালার নাম	অংশগ্রহণকারীর ডিলার/স্কিম ম্যানেজার/কৃষক)	ধরণ (কর্ম কর্তৃক-কর্মচারী/)	২০১৮-১৯		অর্জনের হার (%)
			লক্ষ্যমাত্রা (সংখ্যা/জন)	অর্জন	
-	-	-	-	-	-

২. চুক্তিবদ্ধ চাষিদের মাধ্যমে উন্নতমানের দানাশস্য বীজ উৎপাদন কার্য ক্রম

২.১ কার্য ক্রমের উদ্দেশ্য

- বিএডিসি'র খামার হতে ভিত্তি বীজ সংগ্রহ করে এবং কৃষি গবেষণা হতে প্রাপ্ত প্রজনন বীজ থেকে কন্ট্রোল্ড গ্লোয়ার্স বিভাগের মাধ্যমে ভিত্তি-১ বীজ উৎপাদন পূর্ব কতা থেকে ভিত্তি (স্টেজ-২)/ প্রত্যায়িত/ মানঘোষিত বীজ উৎপাদন ও উৎপাদিত বীজ সংগ্রহপূর্ব কবীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্রে সংরক্ষণের জন্য প্রেরণ করা, যা পরবর্তী বছর/ মৌসুমে চাষি পর্যায় বীজ বা ফসল উৎপাদনের কাজে ব্যবহৃত হয়ে থাকে;
- হাইব্রিড ধান/ ভূট্টা বীজের প্যারেন্টাল লাইন সংগ্রহ করে প্রশিক্ষিত চাষির মাধ্যমে F1 বীজ উৎপাদন করা;
- জোন এলকায় বীজ উৎপাদক চাষিদের সংগঠিত করে বীজ প্রযুক্তির উপর প্রশিক্ষণের ব্যবস্থা করা;
- নতুন জাত বা কৃষি প্রযুক্তি কৃষকদের নিকট পরিচয় করিয়ে দেয়া ও প্রসার ঘটানো;
- চুক্তিবদ্ধ চাষিদের বীজ উৎপাদনের জন্য প্রয়োজনীয় ভিত্তিবীজ, সার ও অন্যান্য উপকরণ সময়মত প্রাপ্তিতে সহায়তা করা;
- বীজ শিল্প উন্নয়নের জন্য বেসরকারি বীজ উৎপাদনকারীদের সহায়তাকরণ ও সুযোগ-সুবিধা প্রদান করা।

২.২. কার্য ক্রম এলাকা

বিভাগ	জেলা
ঢাকা	ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, টাংগাইল, ফরিদপুর ও রাজবাড়ী

ময়মনসিংহ	ময়মনসিংহ, শেরপুর ও জামালপুর
চট্টগ্রাম	ফেনী, কক্সবাজার, কুমিল্লা ও চট্টগ্রাম
খুলনা	ঝিনাইদহ, চুয়াডাঙ্গা, মেহেরপুর ও যশোর
বরিশাল	বরিশাল
সিলেট	সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার ও ব্রাহ্মণবাড়িয়া
রাজশাহী	পাবনা, রাজশাহী, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ ও বগুড়া
রংপুর	নীলফামারী, ঠাকুরগাঁও, রংপুর, গাইবান্ধা, দিনাজপুর ও পঞ্চগড়

- ২.৩ কার্য ক্রমে: মেয়াদকাল : জুলাই ২০১৮ - জুন ২০১৯
- ২.৪ কার্য ক্রম ব্যয় : ৬৫০.০০ লক্ষ টাকা
- ২.৫ ২০১৮-১৯ অর্থ বছরে বরাদ্দ : ৬৫০.০০ লক্ষ টাকা
- ২.৬ ২০১৮-১৯ অর্থ বছরে অবমুক্ত : ৬৪৯.৯৯ লক্ষ টাকা
- ২.৭ ২০১৮-১৯ অর্থ বছরে আর্থিক অগ্রগতি : ৬৪৯.৯৯ লক্ষ টাকা
- ২.৮ ২০১৮-১৯ অর্থ বছরে ভৌত অগ্রগতি : ১০০%
- ২.৯ ২০১৮-১৯ অর্থ বছরে বাস্তবায়িত কার্য ক্রমের প্রধান প্রধান কার্য ক্রম

প্রধান প্রধান কাজ	ডিপিপি/পিপিএনবি লক্ষ্যমাত্রা	২০১৮-১৯		অর্জনের হার (%)
		লক্ষ্যমাত্রা	অর্জন (সংখ্যা/পরিমাণ)	
আউশ	৫৭৬.০০	৫৭৬.০০	৭৬৯.০০	১৩৪
আমন	১০০০০.০০	১০০০০.০০	৯৯৩০.০০	৯৯
বোরো	৩৩৭৯১.০০	৩৩৭৯১.০০	৩৩৭৯১.০০	১০০
গম	৭৪৬৩.০০	৭৪৬৩.০০	৭৪৯৪.০০	১০০
মোট	৫১৮৩০.০০	৫১৮৩০.০০	৫১৯৫৪.০০	১০০

২.১০. ২০১৮-১৯ অর্থ বছরে প্রশিক্ষণের তথ্যাদি

প্রশিক্ষণ কোর্সের নাম	অংশগ্রহণকারীর ধরণ (কর্ম কর্ত-কর্মচারী/ডিলার/স্কিম ম্যানেজার/কৃষক)	২০১৮-১৯		অর্জনের হার (%)
		লক্ষ্যমাত্রা (সংখ্যা/জন)	অর্জন	
চাষি প্রশিক্ষণ	চাষি	১৪৪০ জন	১৪৪০ জন	১০০
কর্ম কর্ত প্রশিক্ষণ	কর্ম কর্ত	১২০ জন	১২০ জন	১০০

২.১১. ২০১৮-১৯ অর্থ বছরে সেমিনার/কর্ম শালার তথ্যাদি

সেমিনার/কর্ম শালার নাম	অংশগ্রহণকারীর ধরণ (কর্ম কর্ত-কর্মচারী/ডিলার/স্কিম ম্যানেজার/কৃষক)	২০১৮-১৯		অর্জনের হার (%)
		লক্ষ্যমাত্রা (সংখ্যা/জন)	অর্জন	
-	-	-	-	-

৩. উন্নতমানের দানাশস্য বীজ সংগ্রহ, প্রক্রিয়াজাতকরণ ও বিতরণ কার্য ক্রম

৩.১ কার্য ক্রমের উদ্দেশ্য

- উন্নতমানের দানাশস্য বীজ সংগ্রহ, প্রক্রিয়াজাতকরণ ও কৃষক পর্যায় বিপণন করে অধিক ফসল উৎপাদনের মাধ্যমে দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিত;
- বিএডিসি'র মাধ্যমে বাস্তবায়িত বিভিন্ন বীজ উৎপাদন প্রকল্প/কর্ম সূচির মাধ্যমে উৎপাদিত দানাশস্যের ভিত্তি, প্রত্যায়িত, মানঘোষিত বীজ, বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র সংগ্রহ করে মাননিয়ন্ত্রণ, প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ;
- সংগৃহীত বীজগুলো প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ করার পর বিতরণ মোসুমে প্যাকেট জাত করে আঞ্চলিক বীজ গুদামে প্রেরণ করা এবং আঞ্চলিক বীজ গুদাম ও বীজ বিক্রয় কেন্দ্র হতে ডিলারদের মাধ্যমে তা বিতরণ/বিক্রয় করা। এছাড়া বেসরকারি বীজ উদ্যোক্তাদেরকে চাহিদা মোতাবেক ভিত্তি বীজ সরবরাহ;
- ১৬টি বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্রের বীজ স্থানীয় পরীক্ষাগারে গুণগত মান পরীক্ষা করা এবং চূড়ান্তভাবে কেন্দ্রীয় বীজ পরীক্ষাগারে নমুনা বীজ পরীক্ষা করে বীজের গুণগতমান নিশ্চিত;

- সারা দেশব্যাপী একটি সুনিয়ন্ত্রিত ডিলার নেটওয়ার্ক গড়ে তোলা এবং নিয়মিত প্রশিক্ষণের মাধ্যমে বীজ বিতরণ ব্যবস্থায় কার্য করভূমিকা রাখার জন্য ডিলারদের দক্ষতা বৃদ্ধি;
- বীজ প্রযুক্তির উপর নিয়মিত বিভিন্ন প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে বিএডিসি'র কর্ম কর্তৃক কর্মচারীদের দক্ষতা বৃদ্ধি করা, যাতে দেশে একটি দক্ষ মানবসম্পদ গড়ে ওঠে;
- বেসরকারি বীজ শিল্পের উন্নয়ন ত্বরান্বিত করার লক্ষ্যে উৎপাদকদেরকে উন্নতমানের বীজ উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, গুদামজাতকরণ এবং বিপণন কাজে প্রয়োজনীয় কারিগরি পরামর্শ ও প্রশিক্ষণ প্রদান;
- মানসম্পন্ন বীজ ব্যবহার করে খাদ্য উৎপাদন বৃদ্ধির মাধ্যমে খাদ্যশস্য উৎপাদন ও স্বনির্ভরতা অর্জনে দেশকে সহায়তা করা।

৩.২. কার্য ক্রমএলাকা

বিভাগ	জেলা	উপজেলা
ঢাকা	ঢাকা	ঢাকা সদর
	টাংগাইল	মধুপুর
	ফরিদপুর	ফরিদপুর সদর
রাজশাহী	রাজশাহী	রাজশাহী সদর
	পাবনা	পাবনা সদর
	বগুড়া	বগুড়া সদর
রংপুর	দিনাজপুর	দিনাজপুর সদর
	ঠাকুরগাঁও	ঠাকুরগাঁও সদর
সিলেট	হবিগঞ্জ	মাধবপুর
চট্টগ্রাম	চট্টগ্রাম	চট্টগ্রাম সদর
	কুমিল্লা	কুমিল্লা সদর
খুলনা	চুয়াডাংগা	চুয়াডাংগা সদর
	যশোর	যশোর সদর
	মেহেরপুর	মেহেরপুর সদর
বরিশাল	বরিশাল	বরিশাল সদর

- ৩.৩ কার্য ক্রম: মেয়াদকাল : জুলাই ২০১৮ - জুন ২০১৯
- ৩.৪ কার্য ক্রম ব্যয় : ৮২৫০.০০ লক্ষ টাকা
- ৩.৫ ২০১৮-১৯ অর্থ বছরে বরাদ্দ : ৮২৫০.০০ লক্ষ টাকা
- ৩.৬ ২০১৮-১৯ অর্থ বছরে অবমুক্ত : ৮২৫০.০০ লক্ষ টাকা
- ৩.৭ ২০১৮-১৯ অর্থ বছরে আর্থিক অগ্রগতি : ৮২৫০.০০ লক্ষ টাকা
- ৩.৮ ২০১৮-১৯ অর্থ বছরে ভৌত অগ্রগতি : ১০০%
- ৩.৯ ২০১৮-১৯ অর্থ বছরে বাস্তবায়িত কার্য ক্রমের প্রধান প্রধান কার্য ক্রম

প্রধান প্রধান কাজ	ডিপিপি/পিপিএনবি লক্ষ্যমাত্রা	২০১৮-১৯		অর্জনের হার (%)
		লক্ষ্যমাত্রা	অর্জন (সংখ্যা/পরিমাণ)	
আউশ	১৮৯৮	১৮৯৮	২২৩৩.২৭	১১৭
আমন	১৪৩২৮	১৪৩২৮	১৪৩৩২.২৫	১০০
বোরো	৪০৩৭৪.৯৭	৪০৩৭৪.৯৭	৩৯১১৮.১০	৯৬
গম	৯৪৩৭.৮৬	৯৪৩৭.৮৬	৭১৯৭.৮৫	৭৬
মোট	৬৬০৩৮.৮৩	৬৬০৩৮.৮৩	৬২৮৮১.৪৭	৯৫

৩.১০. ২০১৮-১৯ অর্থ বছরে প্রশিক্ষণের তথ্যাদি

প্রশিক্ষণ কোর্সের নাম	অংশগ্রহণকারীর ডিলার/স্কিম ম্যানেজার/কৃষক	ধরণ (কর্ম কর্তৃক-কর্মচারী)	২০১৮-১৯		অর্জনের হার (%)
			লক্ষ্যমাত্রা (সংখ্যা/জন)	অর্জন	
-	-	-	-	-	-

৩.১১. ২০১৮-১৯ অর্থ বছরে সেমিনার/কর্ম শালার তথ্যাদি

সেমিনার/ কর্ম শালার নাম	অংশগ্রহণকারীর ডিলার/স্কিম ম্যানেজার/কৃষক	ধরণ (কর্ম কর্তৃক-কর্মচারী)	২০১৮-১৯		অর্জনের হার (%)
			লক্ষ্যমাত্রা (সংখ্যা/জন)	অর্জন	
-	-	-	-	-	-

৪. পাটবীজ উৎপাদন কার্য ক্রম

৪.১ কার্য ক্রমের উদ্দেশ্য

- পাটের গবেষণালব্ধ প্রজনন বীজ (Breeder's Seed) হতে ভিত্তি বীজ (Foundation Seed) উৎপাদন করা;
- পাটের ভিত্তি বীজ হতে প্রত্যাযিত/মানঘোষিত বীজ (TIS) উৎপাদন করে মজুদ গড়ে তোলা;
- পরিবেশ রক্ষার জন্য পাটজাত দ্রব্য ব্যবহার বর্ধমান সরকারের একটি উদ্দেশ্য বিধায় অধিক পরিমাণ পাট আঁশ উৎপাদন করার লক্ষ্যে উন্নত জাতের বীজ উৎপাদন করে তা সংস্থার বীজ বিপণন বিভাগের মাধ্যমে অথবা পাট বীজ বিভাগের নিজস্ব ব্যবস্থাপনায় বীজ ডিলারদের মাধ্যমে সরাসরি চাষীদের মধ্যে বিপণন করে পাটের উৎপাদন বৃদ্ধি করা;
- চুক্তিবদ্ধ চাষীদের মাধ্যমে উন্নতমানের প্রত্যাযিত/ মানঘোষিত বীজ উৎপাদন করে কৃষক পর্যায়ের প্রাপ্যতা বৃদ্ধি;
- বেসরকারি বীজ উৎপাদনকারীদের বীজ উৎপাদন সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান;
- উন্নত জাতের ভিত্তি বীজের মজুদ বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় কার্য ক্রমগ্রহণ;
- উন্নত জাতের পাট বীজ সংগ্রহ, প্রক্রিয়াজাতকরণ ও বিতরণ বিষয়ে কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ।

৪.২ কার্য ক্রমপ্রলাকা

বিভাগ	জেলা	উপজেলা
ঢাকা	ঢাকা	সাভার, ধামরাই
	টাংগাইল	টাংগাইল সদর, মির্জাপুর, কালিহাতি, ভূয়াপুর, দেলদুয়ার, ঘটাইল
	মানিকগঞ্জ	মানিকগঞ্জ সদর, ঘিওর, সাটুরিয়া ও সিংগাইর
ময়মনসিংহ	ময়মনসিংহ	ময়মনসিংহ সদর
রাজশাহী	রাজশাহী	রাজশাহী সদর, পুটিয়া
	চাঁপাইনবাবগঞ্জ	চাঁপাইনবাবগঞ্জ সদর, শিবগঞ্জ, গোদাগাড়ী, কানসাট
	নাটোর	নাটোর সদর
	বগুড়া	বগুড়া সদর
	সিরাজগঞ্জ	কামারখন্দ, শাহজাদপুর, উল্লাপাড়া
রংপুর	দিনাজপুর	দিনাজপুর সদর
	রংপুর	পীরগাছা, মিঠাপুকুর, গোবিন্দগঞ্জ
খুলনা	যশোর	যশোর সদর, মনিরামপুর, ঝিকরগাছা, চৌগাছা
	ঝিনাইদহ	ঝিনাইদহ সদর, কালিগঞ্জ, মহেশপুর, কোট চাঁদপুর
	মেহেরপুর	মেহেরপুর সদর, গাংনী
	চুয়াডাঙ্গা	চুয়াডাঙ্গা সদর, জীবননগর
	মাগুরা	মাগুরা সদর
	কুষ্টিয়া	কুষ্টিয়া সদর, ভেড়ামারা, দৌলতপুর, মিরপুর

- ৪.৩ কার্য ক্রমের মেয়াদকাল : জুলাই ২০১৮ - জুন ২০১৯
- ৪.৪ কার্য ক্রম ব্যয় : ৫০০.০০ লক্ষ টাকা
- ৪.৫ ২০১৮-১৯ অর্থ বছরে বরাদ্দ : ৫০০.০০ লক্ষ টাকা
- ৪.৬ ২০১৮-১৯ অর্থ বছরে অবমুক্ত : ৫০০.০০ লক্ষ টাকা
- ৪.৭ ২০১৮-১৯ অর্থ বছরে আর্থিক অগ্রগতি : ৫০০.০০ লক্ষ টাকা
- ৪.৮ ২০১৮-১৯ অর্থ বছরে ভৌত অগ্রগতি : ১০০%
- ৪.৯ ২০১৮-১৯ অর্থ বছরে বাস্তবায়িত কার্য ক্রমের প্রধান প্রধান কার্য ক্রম

প্রধান প্রধান কাজ	ডিপিপি/পিপিএনবি লক্ষ্যমাত্রা	২০১৮-১৯		অর্জনের হার (%)
		লক্ষ্যমাত্রা	অর্জন (সংখ্যা/পরিমাণ)	
পাট বীজ	৪৩৭.৬০	৪৩৭.৬০	২৯৩.১৩	৬৭
আউশ	১৫০.০০	১৯৫.০০	১৯৬.১২	১০১
আমন	৩০১.০০	৪১১.০০	৪১১.৬৭	১০১
বোরো	৪৯৮.৪০	৫১৬.৭০	৫০০.০০	৯৭
গম	৩২৪.০০	৩৩৮.০০	৩৩৫.২৮	৯৯
আলু	১০২১.৭৯	১০৫০.০০	১০২২.৫০	৯৭
মোট	২৭৩২.৭৯	২৯৪৭.৬	২৭৫৮.৭	৯৩.৫৯

৪.১০. ২০১৮-১৯ অর্থ বছরে প্রশিক্ষণের তথ্যাদি

প্রশিক্ষণ কোর্সে : নাম	অংশগ্রহণকারীর ধরণ (কর্ম কর্ত-কর্ম চারী) ডিলার/স্কিম ম্যানেজার/কৃষক	২০১৮-১৯		অর্জনের হার (%)
		লক্ষ্যমাত্রা (সংখ্যা/জন)	অর্জন	
চাষী প্রশিক্ষণ	কৃষক	৬০০ জন	৬০০ জন	১০০

৪.১১. ২০১৮-১৯ অর্থ বছরে সেমিনার/কর্ম শালার তথ্যাদি:

সেমিনার/ কর্ম শালার নাম	অংশগ্রহণকারীর ধরণ (কর্ম কর্ত-কর্ম চারী) ডিলার/স্কিম ম্যানেজার/কৃষক	২০১৮-১৯		অর্জনের হার (%)
		লক্ষ্যমাত্রা (সংখ্যা/জন)	অর্জন	
-	-	-	-	-

৫. বীজের আপেক্ষিক মজুদ ও তার ব্যবস্থাপনা কার্যক্রম

৫.১ কার্যক্রমের উদ্দেশ্য

- যে কোন দৈব দুর্বি পাকের সময় বীজের স্বাভাবিক সরবরাহ নিশ্চিত করা;
- বীজের ন্যায্য ও প্রতিযোগিতামূলক স্থিতিশীল মূল্য নিশ্চিত করা;
- বীজের স্বাভাবিক সরবরাহ নিশ্চিত করে খাদ্য উৎপাদনের ধারাবাহিকতা রক্ষা করা;
- সর্বোপরি দেশের খাদ্য নিরাপত্তা অর্জনে কার্যকরী ভূমিকা পালন করা।

৫.২. কার্যক্রম এলাকা

বিভাগ	জেলা	উপজেলা	
ঢাকা	টাংগাইল	টাংগাইল সদর, ধনবাড়ি, গোপালপুর, ঘাটাইল, কালিহাতি, মধুপুর, দেলদুয়ার	
		কিশোরগঞ্জ	কিশোরগঞ্জ সদর, হোসেনপুর
		গোপালগঞ্জ	কাশিয়ানী
ময়মনসিংহ	ময়মনসিংহ	মুন্সিগাছা, ঈশ্বরগঞ্জ	
		শেরপুর	শেরপুর সদর
		জামালপুর	জামালপুর সদর, মেলান্দহ, সরিষাবাড়ি
সিলেট	হবিগঞ্জ	মাধবপুর	
চট্টগ্রাম	ব্রাহ্মণবাড়িয়া	ব্রাহ্মণবাড়িয়া সদর, আখাউড়া, নাসিরগঞ্জ	
খুলনা	যশোর	যশোর সদর, মনিরামপুর, ঝিকরগাছা, চৌগাছা, সারসা	
		ঝিনাইদহ	ঝিনাইদহ সদর
		মাগুরা	মোহাম্মদপুর
		খুলনা	ডুমুরিয়া
		মেহেরপুর	মেহেরপুর সদর
		চুয়াডাঙ্গা	চুয়াডাঙ্গা সদর
রংপুর	দিনাজপুর	বীরগঞ্জ	
		ঠাকুরগাঁও	ঠাকুরগাঁও সদর, বালিয়াডাঙ্গী, পীরগঞ্জ
		পঞ্চগড়	বোদা
বরিশাল	ঝালকাঠি	ঝালকাঠি সদর	
		বরিশাল	বরিশাল সদর
		পটুয়াখালী	পটুয়াখালী সদর

৫.৩ কার্যক্রম: মেয়াদকাল : জুলাই ২০১৮ - জুন ২০১৯

৫.৪ কার্যক্রম ব্যয় : ৮০০.০০ লক্ষ টাকা

৫.৫ ২০১৮-১৯ অর্থ বছরে বরাদ্দ : ৮০০.০০ লক্ষ টাকা

৫.৬ ২০১৮-১৯ অর্থ বছরে অবমুক্ত : ৮০০.০০ লক্ষ টাকা

৫.৭ ২০১৮-১৯ অর্থ বছরে আর্থিক অগ্রগতি : ৮০০.০০ লক্ষ টাকা

৫.৮ ২০১৮-১৯ অর্থ বছরে ভৌত অগ্রগতি : ১০০%

৫.৯. ২০১৮-১৯ অর্থ বছরে বাস্তবায়িত কার্যক্রমের প্রধান প্রধান কার্যক্রম

প্রধান প্রধান কাজ	ডিপিপি/পিপিএনবি লক্ষ্যমাত্রা	২০১৮-১৯		অর্জনের হার (%)
		লক্ষ্যমাত্রা	অর্জন (সংখ্যা/পরিমাণ)	

আমন	২০০০	১৯৮০	১৯৮০	১০০
বোরো	৫৫০০	৫০৫১	৫০০০	৯৯
গম	১৯০০	১৪১১	১৪১১	১০০
মোট	৯৪০০	৮৪৪২	৮৩৯১	৯৯.৭

৫.১০. ২০১৮-১৯ অর্থ বছরে প্রশিক্ষণের তথ্যাদি

প্রশিক্ষণ কোর্সের নাম	অংশগ্রহণকারীর ধরণ (কর্ম কর্তৃক-কর্মচারী/ডিলার/স্কিম ম্যানেজার/কৃষক)	২০১৮-১৯		অর্জনের হার (%)
		লক্ষ্যমাত্রা (সংখ্যা/জন)	অর্জন	
চুক্তিবদ্ধ চাষী প্রশিক্ষণ	কৃষক	৬০০ জন	৬০০ জন	১০০

৫.১১. ২০১৮-১৯ অর্থ বছরে সেমিনার/কর্ম শালার তথ্যাদি

সেমিনার/কর্ম শালার নাম	অংশগ্রহণকারীর ধরণ (কর্ম কর্তৃক-কর্মচারী/ডিলার/স্কিম ম্যানেজার/কৃষক)	২০১৮-১৯		অর্জনের হার (%)
		লক্ষ্যমাত্রা (সংখ্যা/জন)	অর্জন	
-	-	-	-	-

৬. জাতীয় সবজি বীজ কার্য কর্ম

৬.১ কার্য কর্মের উদ্দেশ্য

- সবজির ভিত্তি বীজ উৎপাদন, আধুনিক প্রযুক্তি ও বীজ শিল্প বিকাশে সেবা প্রদান;
- সবজির উৎপাদন, ফলনশীলতা এবং মাথাপিছু প্রাপ্যতা ও ব্যবহার বৃদ্ধি;
- আত্মকর্ম সংস্থান অর্থ নৈতিক উন্নয়ন, খাদ্য ঘাটতি ও অপুষ্টি লাঘব;
- সুসংগঠিত প্রথায় বেসরকারি পর্যায় উন্নত বীজ উৎপাদন করে সরবরাহ ও ব্যবহার বৃদ্ধি;
- বীজের স্বাভাবিক ব্যবহার নিশ্চিত করে খাদ্য উৎপাদনের ধারাবাহিকতা বজায় রাখা;
- সর্বোপরি দেশের খাদ্য নিরাপত্তা অর্জনে কার্য করীভূমিকা পালন করা

৬.২. কার্য কর্ম এলাকা

বিভাগ	জেলা	উপজেলা
ঢাকা	ঢাকা	ঢাকা মেট্রোপলিটন
	ফরিদপুর	ফরিদপুর সদর
রংপুর	রংপুর	রংপুর সদর
খুলনা	মেহেরপুর	মেহেরপুর সদর
রাজশাহী	পাবনা	পাবনা সদর

৬.৩ কার্য কর্মের মেয়াদকাল : জুলাই ২০১৮ - জুন ২০১৯

৬.৪ কার্য কর্ম ব্যয় : ৫৫০.০০ লক্ষ টাকা

৬.৫ ২০১৮-১৯ অর্থ বছরে বরাদ্দ : ৫৫০.০০ লক্ষ টাকা

৬.৬ ২০১৮-১৯ অর্থ বছরে অবশিষ্ট : ৫৫০.০০ লক্ষ টাকা

৬.৭ ২০১৮-১৯ অর্থ বছরে আর্থিক অগ্রগতি : ৫৫০.০০ লক্ষ টাকা

৬.৮ ২০১৮-১৯ অর্থ বছরে ভৌত অগ্রগতি : ১০০%

৬.৯. ২০১৮-১৯ অর্থ বছরে বাস্তবায়িত কার্য কর্মের প্রধান প্রধান কার্য কর্ম

প্রধান প্রধান কাজ	ডিপিপি/পিপিএনবি লক্ষ্যমাত্রা	২০১৮-১৯		অর্জনের হার (%)
		লক্ষ্যমাত্রা	অর্জন (সংখ্যা/পরিমাণ)	
শীতকালীন সবজি বীজ	-	৫২.৫৬	৫৮.৩৬	১১১
গ্রীষ্মকালীন সবজি বীজ	-	৫০.০০	২৮.৩৫	৫৭ (বীজ সংগ্রহ চলছে)
পেঁয়াজ বীজ ও বাবু বীজ	-	২০৫.০০	২০৫.০০	১০০
আলু, ধান ও খৈশা বীজ	-	১৬০.০০	১৬০.০০	১০০
মোট	-	৪৬৭.৫৬	৪৫১.৭১	৯৭

৬.১০. ২০১৮-১৯ অর্থ বছরে প্রশিক্ষণের তথ্যাদি

প্রশিক্ষণ কোর্সের নাম	অংশগ্রহণকারীর ধরণ (কর্ম কর্তৃক-কর্মচারী/ডিলার/স্কিম ম্যানেজার/কৃষক)	২০১৮-১৯		অর্জনের হার (%)
		লক্ষ্যমাত্রা (সংখ্যা/জন)	অর্জন	
কৃষক প্রশিক্ষণ	কৃষক	২৪০ জন	২৪০ জন	১০০

৬.১১. ২০১৮-১৯ অর্থ বছরে সেমিনার/কর্ম শালার তথ্যাদি

সেমিনার/ কর্ম শালার নাম	অংশগ্রহণকারীর ধরণ (কর্ম কর্তৃ-কর্ম চারী/ ডিলার/স্কিম ম্যানেজার/কৃষক)	২০১৮-১৯		অর্জনের হার (%)
		লক্ষ্যমাত্রা (সংখ্যা/জন)	অর্জন	
-	-	-	-	-

৭. এগো সার্ভিস সেন্টার কার্যক্রম

৭.১ কার্যক্রমের উদ্দেশ্য

- এগো-সার্ভিস সেন্টার কার্যক্রমের আওতায় বিদ্যমানটি সেন্টারের মাধ্যমে শাক সবজি, ফুল, ফল উৎপাদন ও বিপণন এবং এসব ফসলসহ ফলজ, বনজ, ও ঔষধি বৃক্ষের চারা/গুটি কলম উৎপাদন ও সরবরাহসহ এ জাতীয় ফসলের উৎপাদন বাড়িয়ে দেশের বিদ্যমান পুষ্টি সমস্যা দূরীকরণ এবং পরিবেশের ভারসাম্যতা রক্ষায় কার্যকর ভূমিকা পালন;
- এ কার্যক্রমের মাধ্যমে বীজ, চারা, গুটি, কলম, শাকসজী, ফল, ফল, মসলা জাতীয় ফসল ইত্যাদি উৎপাদনে আধুনিক প্রযুক্তি ব্যবহার ও চাষীদেরকে কৃষি উপকরণ সরবরাহ এবং প্রশিক্ষণ প্রদান পূর্ব কউৎপাদন বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন;
- এগো-সার্ভিস সেন্টারের আওতাধীন প্রকল্প এলাকার কৃষকদের শাক-সবজি ও ফলমূল উৎপাদনে প্রশিক্ষণ দেয়া। তাছাড়া আমিষ জাতীয় খাদ্যের উপর চাপ কমিয়ে খাদ্যাভ্যাস পরিবর্তনের লক্ষ্যে প্রচলিত ও প্রবর্তনমূলক সবজী উৎপাদন বাড়িয়ে খাদ্যাভ্যাস পরিবর্তনের প্রচেষ্টা নেয়া।

৭.২. কার্যক্রম এলাকা

বিভাগ	জেলা	উপজেলা
ময়মনসিংহ	কিশোরগঞ্জ	কিশোরগঞ্জ সদর, হোসেনপুর, করিমগঞ্জ, তাড়াইল, পাকুন্দিয়া, বাজিতপুর, কুলিয়ারচর
	জামালপুর	জামালপুর সদর
রংপুর	দিনাজপুর	দিনাজপুর সদর
	রংপুর	রংপুর সদর, মিঠাপুকুর
রাজশাহী	পাবনা	পাবনা সদর
সিলেট	সিলেট	সিলেট সদর, দক্ষিণ সুরমা
চট্টগ্রাম	বান্দরবান	লামা, আলিকদম, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান সদর, বুয়ংছড়ি
	নোয়াখালী	নোয়াখালী সদর, সুবর্ণ চ.
খুলনা	খুলনা	খুলনা সদর, ফুলতলা, ডুমুরিয়া, দৌলতপুর, দীঘলিয়া, রূপসা
	মেহেরপুর	মেহেরপুর সদর, গাংনী, মুজিবনগর, চুয়াডাঙ্গা সদর, আলমডাংগা
বরিশাল	বরিশাল	লাকুটিয়া, বাবুগঞ্জ, উজিরপুর
	পটুয়াখালী	পটুয়াখালী সদর, দুমকি, বাউফল, দশমিনা, মির্জাগঞ্জ, কলাপাড়া, রাজাবালী, গলাচিপা
	বরগুনা	বরগুনা সদর, বেতাগী, বামনা, আমতলী, পাথরঘাটা

